খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
নিরালা, খুলনা

নম্বর- খুমেবি/রেজি/নথি-০৩/২০২১-২৫/১২৩০

তারিখ: ২৪ পৌষ, ১৪৩২ / ০৮ জানুয়ারি, ২০২৬

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর রাজস্বখাতের আওতায় নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাদিতে এবং শর্তাধীনে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত ও স্থায়ী নাগরিকদের নিকট থেকে পুনরায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং.	পদের নাম এবং গ্রেড ও বেতন স্কেল (২০১৫ অনুযায়ী)	বিভাগ/দপ্তর	বয়স (বছর)	পদ সংখ্যা (জন)
০১.	পরীক্ষা নিয়ন্ত্রক গ্রেড-৩য় (৫৬৫০০-৭৪৪০০/-)	পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর	সর্বোচ্চ ৫০	০১
০২.	পরিচালক গ্রেড-৩য় (৫৬৫০০- ৭৪৪০০/-)	অর্থ ও হিসাব বিভাগ	সর্বোচ্চ ৫০	০১
০৩.	উপপরিচালক গ্রেড-৫ম (৪৩০০০- ৬৯৮৫০/-)	পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর	সর্বোচ্চ ৪৫	০১

প্রতিটি পদে আবেদন করার জন্য বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নিয়োগ সম্পর্কিত যাবতীয় শর্তাবলী ও তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময় অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.kmu.ac.bd**) থেকে সংগ্রহ করা যাবে। আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে এবং আবেদনপত্র আগামী ২৫/০১/২০২৬ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে হার্ডকপি অবশ্যই পৌঁছাতে হবে। আবেদনপত্র জমা দেয়ার সময় উল্লিখিত প্রতিটি পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা জনতা ব্যাংকের যেকোনো শাখা হতে খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর অনুকূলে হিসাব নং **০১০০২৩২০৭৮৭৬১** (জনতা ব্যাংক, নিরালা শাখা) তে জমা করে জমা রশিদ অথবা খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নামে পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

বিঃদ্রঃ ইতোপূর্বে যারা উল্লিখিত পদসমূহে পূর্বের নির্ধারিত সময়ে যথাযথভাবে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

০৮/১/২০২৬

(এস এম আবু নাসের ফারুক)
রেজিস্ট্রার
registrar@kmu.ac.bd
০১৭১১-১৪৩৩৫০/০২৪৭৭৭২৭৭৯০

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
নিরালা, খুলনা

নিয়োগ সংক্রান্ত নীতিমালা ও সাধারণ শর্তাবলী

স্মারক নং- খুমেবি/রেজি./নথি-০৩/২০২১-২৫/১২৩১ তারিখ: ০৮/০১/২০২৬ খ্রি.

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর রাজস্বখাতের আওতায় নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাদিতে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে পুনরায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতন স্কেল, গ্রেড ও বয়স	বিষয়	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
পরীক্ষা নিয়ন্ত্রক	৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩য়)	সর্বোচ্চ ৫০ বৎসর	ক) প্রার্থীকে বাংলাদেশের বা বিদেশের স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস/বিডিএস পাশ যাহা অবশ্যই BMDC কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত হইতে হইবে এবং সহযোগী অধ্যাপক/সমমান পদে ০৫ (পাঁচ) বৎসর চাকরির অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে (৯ম গ্রেড বা তদুর্ধ্ব পদে) মোট ১৬ (ষোল) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক(সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হইতে হইবে। খ) প্রার্থীর শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমগ্রেড থাকিতে হইবে। গ) প্রার্থীর সরকারি/স্বায়ত্ত্বশাসিত/বিধিবদ্ধ সংস্থায় পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/সমমান পদে (৫ম গ্রেড) ০৮(আট) বৎসরসহ প্রথম শ্রেণীর পদে (৯ম গ্রেড বা তদুর্ধ্ব পদে) মোট ১৬ (ষোল) বৎসর চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে। ঘ) প্রার্থীকে মাইক্রোসফট অফিস ও এক্সেলসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হইতে হইবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়। ঙ) চিকিৎসক কর্মকর্তা/শিক্ষক হিসাবে কর্মরত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
পরিচালক (অর্থ ও হিসাব)	৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩য়)	সর্বোচ্চ ৫০ বৎসর	ক) প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা/ ফাইনান্স এ্যান্ড ব্যাংকিং এ স্নাতক(সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হইতে হইবে। খ) প্রার্থীর শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমগ্রেড থাকিতে হইবে। গ) প্রার্থীর সরকারি/স্বায়ত্ত্বশাসিত/বিধিবদ্ধ সংস্থায় অর্থ ও হিসাব শাখায় উপ-পরিচালক (অর্থ ও হিসাব)/ সমমান পদে (৫ম গ্রেড) ০৮(আট) বৎসরসহ প্রথম শ্রেণীর পদে (৯ম গ্রেড বা তদুর্ধ্ব পদে) মোট ১৬ (ষোল) বৎসর অর্থ/হিসাব/নিরীক্ষা সংক্রান্ত কাজে চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে। ঘ) প্রার্থীকে মাইক্রোসফট অফিস ও এক্সেলসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হইতে হইবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়। ঙ) সিএ/সিএমএ ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	টাকা ঃ ৪৩০০০-৬৯৮৫০/- (গ্রেড-৫ম)	সর্বোচ্চ ৪৫ বৎসর	ক) প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক(সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হইতে হইবে। অথবা প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হইতে হইবে।

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
নিরালা, খুলনা

পদের নাম	বেতন স্কেল, গ্রেড ও বয়স	বিষয়	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
			খ) প্রার্থীর শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমগ্রেড থাকিতে হইবে। গ) প্রার্থীর সরকারি/স্বায়ত্ত্বশাসিত/বিধিবদ্ধ সংস্থায় পরিকল্পনা ও উন্নয়ন শাখায় সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/সমমান পদে (৭ম গ্রেড) ০৪(চার) বৎসরসহ প্রথম শ্রেণীর পদে (৯ম গ্রেড বা তদুর্ধ্ব পদে) মোট ১০ (দশ) বৎসর চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে। ঘ) প্রার্থীকে মাইক্রোসফট অফিস ও এক্সেলসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হইতে হইবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়।

শর্তাবলী:

১। সকল পদের জন্য আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙ্গীন ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

২। শিক্ষাগত যোগ্যতা বলতে এস.এস.সি ও এইচ.এস.সি এর ক্ষেত্রে ন্যূনতম ২য় বিভাগ বা সিজিপিএ ন্যূনতম ৩.০০ এবং স্নাতক ও স্নাতকোত্তর এর ক্ষেত্রে ন্যূনতম ২য় শ্রেণী বা সিজিপিএ ন্যূনতম ২.৫০ অর্জন করতে হবে এবং অভিজ্ঞতা বলতে সরকারি/স্বায়ত্ত্বশাসিত/বিধিবদ্ধ সংস্থায় সমমর্যাদাসম্পন্ন চাকরির অভিজ্ঞতাকে বুঝাইবে।

৩। আবেদন করার জন্য নির্ধারিত ফরম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং নিয়োগের শর্তাবলি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.kmu.ac.bd**) থেকে সংগ্রহ করা যাবে।

৪। আবেদনপত্র জমা দেয়ার সময় উল্লিখিত প্রতিটি পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা জনতা ব্যাংকের যেকোনো শাখা হতে খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে হিসাব নং **০১০০২৩২০৭৮৭৬১** (জনতা ব্যাংক, নিরালা শাখা) তে জমা করে জমা রশিদ অথবা খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নামে পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহের জন্য ৮(আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

৬। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

৭। খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৮। অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল করা যেতে পারে।

৯। ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

১০। নিয়োগ সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি জারির কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নয়।

১১। আগামী ২৫/০১/২০২৬ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে সরাসরি জমা দেয়া যাবে/পৌঁছাতে হবে। ডাক বিভাগ বা কুরিয়ার সার্ভিস এর বিলম্বের জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১২। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

বিঃদ্রঃ ইতোপূর্বে যারা উল্লিখিত পদসমূহে পূর্বের নির্ধারিত সময়ে যথাযথভাবে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

০৮/০১/২০২৬

(এস এম আবু নাসের ফারুক)
রেজিস্ট্রার
registrar@kmu.ac.bd
০১৭১১-১৪৩৩৫০
০২৪৭৭৭২৭৭৯০